প্রকাশকাল
জুন, ২০১৭

প্রকাশক
বাংলাদেশ ডাক বিভাগ

প্রাপ্তিস্থান
ফিলাটেলিক ব্যুরো, ঢাকা জিপিও
ফোন নম্বরঃ ০৮৮ ০২ ৯৫৫৯০৬৫

মুদ্রক
সাইন এন্ড ইমেজেস

মূল্য
১৫০০/-(এক হাজার পাঁচশত টাকা)
২০০(দুইশত) মার্কিন ডলার

প্রচ্ছদ ও অঙ্গসজ্জা
সন্জীব কান্তি দাস

Published
June, 2017

Published by
Bangladesh Post

Place of Availability
Philatelic Bureau, Dhaka GPO
Phone No: +88 02 9559065

Printers
Sign & Images

Price
BDT.1500/-
$. 200 (USA)

Cover Design & Illustration
Sanjiv Kanti Das





১৯৭১

সালে বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের এদেশীয় দোসরদের গণহত্যা ও যুদ্ধাপরাধ

1971

Genocide and War Crimes in Bangladesh by Pakistan Army and their Collaborators





বাংলাদেশ ডাক বিভাগ
BANGLADESH POST



১৯৭১

সালে বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের এদেশীয় দোসরদের গণহত্যা ও যুদ্ধাপরাধ

1971

Genocide and War Crimes in Bangladesh by Pakistan Army and their Collaborators

বাংলাদেশ ডাক বিভাগ
BANGLADESH POST

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

২২ জ্যৈষ্ঠ ১৪২৪
৫ জুন ২০১৭

১৯৭১ সালের মুক্তিযুদ্ধকালীন ভয়াবহ গণহত্যা ও যুদ্ধাপরাধের উপর নির্বাচিত ৭১টি বিশেষ আলোকচিত্র নিয়ে বাংলাদেশ ডাক বিভাগ ৭১টি স্মারক ডাকটিকিট এবং **'বাংলাদেশে যুদ্ধাপরাধ ১৯৭১'** শীর্ষক একটি অ্যালবাম প্রকাশের উদ্যোগ নিয়েছে জেনে আমি আনন্দিত ।

১৯৭১ সালে আমাদের মহান স্বাধীনতা যুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনী এবং তাদের এদেশীয় দোসররা বাংলাদেশে নির্বিচারে গণহত্যা, নারী ধর্ষণ, অগ্নিসংযোগসহ ব্যাপক ধ্বংসযজ্ঞ চালায় । শহিদ হন ৩০ লাখ নিরীহ মানুষ এবং ২ লাখ মা-বোন সম্ভ্রম হারান । ৯ মাসের এই যুদ্ধে সংঘটিত হয়েছিল পৃথিবীর নৃশংসতম মানবতাবিরোধী অপরাধ । সে সময়কার পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ, বধ্যভূমি, প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগীদের জবানবন্দি, জীবিত মুক্তিযোদ্ধাদের বাস্তব অভিজ্ঞতা, গণহত্যার ফুটেজ এবং আলোকচিত্র শিল্পী ও আলোকচিত্র-সাংবাদিকদের ধারণ করা চিত্রে পাকিস্তানি হানাদার বাহিনী এবং তাদের দোসরদের এই নৃশংসতা এবং নিষ্ঠুরতা মূর্ত হয়ে রয়েছে ।

'বাংলাদেশে যুদ্ধাপরাধ ১৯৭১' শিরোনামের স্মারক ডাকটিকিট অ্যালবামটি মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশে সংঘটিত ব্যাপক গণহত্যা, লুটতরাজ ও অগ্নিসংযোগ, শরণার্থীদের দুঃসহ জীবনের প্রামাণ্য দলিল হিসেবে চিহ্নিত হয়ে থাকবে ।

মহান মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের অস্থায়ী সরকার ১৯৭১ সালের ২৯ জুলাই ৮টি ডাকটিকিটের একটি সেট প্রকাশ করে । বাংলাদেশের পক্ষে আন্তর্জাতিক সমর্থন আদায় এবং জনমত গঠনে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে । এছাড়া মুক্তাঞ্চলে ডাক পরিবহনেও এই ডাকটিকিট ব্যবহৃত হয় ।

সেই ধারাবাহিকতায় বাংলাদেশ ডাক বিভাগ বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং জাতীয় জীবনের উল্লেখযোগ্য মুহূর্তগুলোকে ধরে রাখার জন্য স্মারক ডাকটিকিটসহ নানা সুভেনির প্রকাশ করে আসছে ।

আমি আশা করি, বাংলাদেশ ডাক বিভাগ অতীত ঐতিহ্য ধরে রেখে দেশ ও জনগণের সেবায় আরও নিবেদিত হবে ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

শেখ হাসিনা

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

PRIME MINISTER
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

Message

22 Joishthyo 1424
5 June 2017

I am glad at knowing that the Directorate of Posts, Bangladesh has taken an initiative of publishing seventy-one commemorative stamps and souvenir-sheets comprising special photographs related to the horrendous genocide and war crimesperpetrated in Bangladesh during the Liberation War of 1971 and a special stamp album entitled *'War Crimes in Bangladesh in 1971'.*

In 1971, the marauding forces of Pakistan and their local collaborators committed extensive devastation in Bangla-desh including reckless genocide, rape, and arson. 30 lac martyrs sacrificed their lives, more than two lac women comprising our mothers and sisters were violated. Cruelest anti-humanity crimes were committed during this nine-month long war. Cruelty and brutality of the Pakistani occupation army and their collaborators remain recorded in news published in newspapers, footages of mass killing, graveyards of the martyrs, deposition of witnesses and people having similar sufferings or experience and some of the real and rare experiences of the living freedom fighters.

The commemorative stamp album entitled *'War Crimes in Bangladesh in 1971'* will remain a standard document of the extensive genocide, loot and arson and the unbearable life of the refugees in Bangladesh during the Liberation War.

On 29th July, 1971,during the liberation war, the Provisional Government of Bangladesh published a set of eight postage stamps.It played an important role in mobilizing support of the international community for Bangladesh and creating public opinion. These stamps were used also in transportation of mails in liberated areas.

In continuation of that, Bangladesh Directorate of Posts has been publishing different souvenirs including commem-orative stamps to record important moments of history, tradition and national life.

I hopethe Directorate of Posts will uphold this tradition and devote itself more to the service of the country and its people at large.

Joy Bangla, Joy Bangabandhu
May Bangladesh Live for All Times.

Sheikh Hasina



প্রতিমন্ত্রী
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২২ জ্যৈষ্ঠ ১৪২৪
৫ জুন ২০১৭

বাণী

১৯৭১ সালের ২৬ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতির পরমাকাঙ্ক্ষিত স্বাধীনতার যে ঘোষণা দিয়েছিলেন, দীর্ঘ ৯ (নয়) মাস সশস্ত্র সংগ্রামের মধ্য দিয়ে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর স্বাধীনতা অর্জনের মাধ্যমে তা চূড়ান্ত সাফল্য লাভ করে। এই বিজয়ের সাথে মিশে আছে একদিকে পরম আনন্দ অপরদিকে ত্রিশ লাখ শহিদের সর্বোচ্চ আত্মত্যাগ ও ২ লক্ষাধিক মা-বোনের সম্ভ্রম হারাবার করুণ ইতিহাস।

নয় মাস স্থায়ী বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে দখলদার পাকিস্তানি সামরিক বাহিনী ও তাদের এদেশীয় দোসর; আল-বদর, আল-শামস্ বাহিনী ও রাজাকার বেসামরিক বাহিনী তৎকালীন পূর্ব পাকিস্তানে (বর্তমানে বাংলাদেশে) যে সুপরিকল্পিত, নারকীয় ও ভয়াবহ ধ্বংসযজ্ঞ পরিচালনা করে, তা পৃথিবীর অন্যতম নৃশংস হত্যাযজ্ঞ এবং যুদ্ধাপরাধ হিসেবে হয়েছে ধিকৃত ও নিন্দিত। তথাপি স্বাধীনতার বিপক্ষ শক্তি অসৎ উদ্দেশ্যে বারবার এই মহান আত্মত্যাগ ও ইতিহাসকে বিকৃত করার অব্যাহত অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। কিন্তু সত্য, সত্যই। মুক্তিযুদ্ধের সময়ের ধারণকৃত ফুটেজ, আলোকচিত্র, গণকবর, বধ্যভূমি আজও পাকিস্তানি হানাদার বাহিনী ও তাদের এদেশীয় দোসরদের যুদ্ধাপরাধের নীরব, অথচ সরব সাক্ষী। এদেশীয় ও বিদেশি অনেক চিত্রগ্রাহক, ফটোসাংবাদিক ও প্রতিবেদক এ গণহত্যাও যুদ্ধাপরাধের অসংখ্য আলোকচিত্র ও স্থিরচিত্র ধারণ করেছিলেন।

মুজিব নগর সরকার ১৯৭১ সালের ২৯ জুলাই ০৮ (আট) টি ডাকটিকিট প্রকাশ করেছিল। এর উদ্দেশ্য ছিল বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের প্রতি বিশ্বের মনোযোগ আকৃষ্ট করা ও শত্রুমুক্ত এলাকাগুলোতে ডাক সেবা চালু করা। ঐ ০৮ (আট) টি ডাকটিকিট বাংলাদেশের মহান মুক্তি সংগ্রামের পক্ষে বিশ্ব জনসচেতনতা সৃষ্টিতে বিরাট ভূমিকা পালন করেছিল।

তারই ধারাবাহিকতায়, ১৯৭১ সালের গুরুত্বকে স্মরণ করে বাংলাদেশ ডাক বিভাগ এদেশীয় ও বিদেশি চিত্রগ্রাহক, ফটোসাংবাদিক ও প্রতিবেদকদের ৭১-এর যুদ্ধাপরাধের উপর ধারণকৃত বিপুল সংখ্যক আলোকচিত্র ও স্থিরচিত্রের মধ্য হতে ৭১ (একাত্তর) টি বিশেষ আলোকচিত্র ও স্থির চিত্র নিয়ে গণহত্যা, ধর্ষণ, ব্যাপক ক্ষয়ক্ষতি তথা যুদ্ধাপরাধের উপর ***'১৯৭১ সালে বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের এদেশীয় দোসরদের গণহত্যা ও যুদ্ধাপরাধ'*** শিরোনামে একটি বিশেষ ডাকটিকিট অ্যালবাম প্রকাশ করছে। ডাক বিভাগকে এই মহতী উদ্যোগের জন্য জানাই ধন্যবাদ। কৃতজ্ঞতা প্রকাশ করছি মাননীয় প্রধানমন্ত্রী, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে, যিনি এই অ্যালবাম প্রকাশে সকল সময় তাঁর মূল্যবান পরামর্শ ও দিকনির্দেশনা দিয়ে অ্যালবামটিকে সমৃদ্ধ করেছেন।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

তারানা হালিম, এমপি

State Minister
Posts and Telecommunications Division
Ministry of Posts, Telecommunications and Information Technology
Government of the People's Republic of Bangladesh

22 Joishthyo 1424
5 June 2017

Message

The declaration of independence that the Father of the Nation, Bangabandhu Sheikh MujiburRahamanmadeon 26th March, 1971 attained its ultimate fulfilment on achievement of our independence on 16th of December, 1971 through a nine-month long armed struggle. So much mixed with this victory is deep joy as the sad accounts of the supreme sacrifice of 30 lac martyrs and loss of honour by more than 2 lac mothers and sisters.

The pre-planned, hellish and terrible devastation that the occupation Army of Pakistan and their local collaborators—Al-badrs, Al-shams and Razakars—perpetrated in Bangladesh has been condemned as one of the most brutal genocides and war-crimes of the world. Yet, the forces opposed to our liberation has been going on making ill-attempts to distort this sacrifice and its history. But, truth is truth. Footages and photographs filmed during the Liberation War, mass graves, and killing grounds are still silent yet vivid witnesses to the war-crimes perpetrated by the occupation forces of Pakistan and their local cohorts. Many local and foreign photographers, photojournalists and reporters took innumerable snaps of the genocide and war-crimes.

On 29th July, 1971,Mujibnagar Government published eight postage stamps.The purpose was to draw attention of the world to the Liberation War and to introduce postal service in the liberated areas. Those (eight) postage stamps played a big role in creating public opinion in favour of the great Liberation War of Bangladesh.

It is in continuation of that the Bangladesh Directorate of Posts is going to publish a special stamp album entitled ***'Genocide and War Crimes in Bangladesh by Pakistani Army and Their Local Collaborators in 1971'*** that has as its content 71special photographs focused on the horrendous genocide and war crimesperpetrated in Bangladesh during the Liberation War of 1971. These have been chosen from among a huge number of such photographs snapped by local and foreign photographers, photojournalists and reporters. Let me thank the Directorate of Posts for taking this great initiative. I would express gratitude to the Honour'ble Prime Minister, Sheikh Hasina also who has, through her valuable suggestions and constant guidance, enrichedthe album.

Joy Bangla, Joy Bangabandhu
May Bangladesh Live for All Times.

Tarana Halim, MP

১৯৭১ সালে বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনী ও তাদের এদেশীয় দোসরদের গণহত্যা ও যুদ্ধাপরাধ

মুক্তিযুদ্ধ ১৯৭১ - প্রেক্ষাপট

১৯৪৭ সালের ১৪ আগস্ট মধ্যরাতে দ্বি-জাতি তত্ত্বের ভিত্তিতে ঔপনিবেশিক শাসন থেকে মুক্ত হয়ে দুইটি স্বাধীন দেশের জন্ম হয়। একটি ভারত, অন্যটি পাকিস্তান। হাজার মাইলের দূরত্বে অবস্থিত পৃথক সংস্কৃতি, ভাষা ও সামাজিক রূপরেখার ব্যবধান নিয়ে পশ্চিম পাকিস্তান ও পূর্ব পাকিস্তানের সমন্বয়ে গঠিত হয় পাকিস্তান। পাকিস্তান রাষ্ট্রের জন্মের পর থেকেই পূর্ব পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ জনগণ পশ্চিম পাকিস্তানের সংখ্যালঘিষ্ঠ জনগণের বৈষম্য উপলব্ধি করতে শুরু করে। পাকিস্তান জন্মের পর ছয় মাস পার হবার আগেই শুরু হয় ষড়যন্ত্র। করাচিতে এক শিক্ষা সম্মেলন অনুষ্ঠিত হয়। সে শিক্ষা সম্মেলনে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা। করাচির শিক্ষা সম্মেলনের খবর ঢাকায় পৌঁছার সাথে সাথে ক্ষোভের সৃষ্টি হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা বিক্ষোভে ফেটে পড়ে।

১৯৪৭ সালের ৫ ডিসেম্বর প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দিনের বাড়ির সামনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা বিক্ষোভ করে। পুলিশ ও গুণ্ডাবাহিনী দিয়ে সে বিক্ষোভ ছত্রভঙ্গ করা হয়। পাকিস্তান সৃষ্টির পর এটিই প্রথম বিক্ষোভ মুসলিম লীগ সরকারের বিরুদ্ধে। ছাত্ররা সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে জিন্নাহর ছবি সরিয়ে ফেলে। ১৯৪৮ সালের ফেব্রুয়ারি মাসে তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান এক ফতোয়া দিলেন যে, উর্দু হলো ইসলামের ভাষা আর হিন্দুদের ভাষা হলো বাংলা, কাজেই পাকিস্তানের রাষ্ট্রভাষা একমাত্র উর্দুই হতে হবে। অথচ ৫৬% জনগণ বাংলা ভাষায় কথা বলতেন। ১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারি খাজা নাজিমুদ্দিন আইন পরিষদে ঘোষণা দেন যে, পূর্ব পাকিস্তানের জনগণ উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে মেনে নেবে। বাংলার মানুষ এ ঘোষণায় বিক্ষুব্ধ হয়ে পড়ে, সঙ্গে সঙ্গে প্রতিবাদ করে। খাজা নাজিমুদ্দিনের বিরুদ্ধে মানুষের বিক্ষোভ সারা দেশে ছড়িয়ে পড়ে। মুসলিম লীগ সরকারের এ হীন চক্রান্তের বিরুদ্ধে ছাত্র সমাজ ঐক্যবদ্ধ হয়ে আন্দোলনের পরিকল্পনা গ্রহণ করে। এ অবস্থায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অগ্রণী ভূমিকা নেন। ছাত্র ও রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে যোগাযোগ শুরু করেন।




Genocide and War Crimes in Bangladesh by Pakistan Army and their Collaborators in 1971

Liberation War 1971 - Its Background

At the dead of night of 14th August, 1947, two independent states emerged on the basis of the two-nation theory. They had freed themselves from colonial rule. One of them is India, and the other is Pakistan. Pakistan was constituted as amalgamation of West Pakistan and East Pakistan, with differences of two distinct cultures, languages and social structures situated at a distance of one thousand miles. Majority of the people of East Pakistan started perceiving the discrimination wrought by the minority population of West Pakistan immediately since the inception of Pakistan as a state. Conspiracy started within six months of Pakistan's inception. An Education Conference was held in Karachi where a decision was taken that Urdu would be the state language of Pakistan. No sooner had the news of the Education Conference reached Dhaka, than resentment burst forth. The students of Dhaka University exploded themselves in agitation.

The students of Dhaka University staged a demonstration in front of the house of the Prime Minister Khwaja Nazimuddin on 5th December, 1947. That protest was dispersed by the police and gangsters. This was the first protest against the Muslim League Government after the creation of Pakistan. The students removed all photographs of Jinnah from all educational institutions. In February, 1948, the then Prime Minister of Pakistan, Liaquat Ali Khan issued a decree that Urdu is the language of Islam and Bengali is the language of the Hindus, and hence, the state language of Pakistan had to be Urdu. It happened like that, although 56% of the total population of Pakistan used to speak Bengali. On 23 February, 1948, Khawaja Nazimuddin declared in the Legislative Assembly that the people of East Pakistan would accept Urdu as their state language. The people of Bangladesh (the then East Pakistan) expressed resentment at this declaration and protested. Popular agitation against Khawaja Nazimuddin spread all over the country. Against this disgraceful and hateful conspiracy of the Muslim League Government, the students of Bangladesh planned to build up a united movement. Bangabandhu Sheikh Mujibur Rahman played the leading role in this united movement against conspiracy, and he started to liaise with both student and political leaders.



২ মার্চ বিভিন্ন রাজনৈতিক দলের কর্মীদের এক বৈঠক হয়। এ বৈঠকটি অনুষ্ঠিত হয় ফজলুল হক মুসলিম হলে। এ বৈঠকেই সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়। এ প্রস্তাব দিয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১১ মার্চ সাধারণ ধর্মঘট আহবান করা হয়। বাঙালির বিরুদ্ধে, বাংলা ভাষার বিরুদ্ধে চক্রান্তকে রুখে দাঁড়াবার জন্য এ ধর্মঘট। ১১ মার্চের ধর্মঘটের দিনে ছাত্ররা সচিবালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন করে। ঐ বিক্ষোভে বঙ্গবন্ধুসহ অনেক ছাত্রকে গ্রেপ্তার করা হয়। এই গ্রেফতারের বিরুদ্ধে প্রবল আন্দোলন গড়ে ওঠে। আন্দোলনের চাপে ১৫ মার্চ সন্ধ্যায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল বন্দিকে মুসলিম লীগ সরকার মুক্তি দেয়। ১৬ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমতলায় ছাত্রসভা হয়। ভাষার দাবিতে ১৬ মার্চের যে সভা হয় সে সভায় সভাপতিত্ব করেন ছাত্রনেতা শেখ মুজিবুর রহমান। সকালে এ সভা শেষ হয়। ঐদিন বিকেলে আইন সভার অধিবেশন বসে। বর্তমান জগন্নাথ হলে ছাত্ররা জমায়েত হয় কিন্তু সেখানে পুলিশ আবার লাঠিচার্জ করে ও কাঁদানে গ্যাস নিক্ষেপ করে।

১৬ মার্চ সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের উদ্যোগে ছাত্রসভার আয়োজন করা হয়। ছাত্রদের সাথে জনতাও এসে যোগদান করে। পুলিশ সেখানে প্রবল বাধা সৃষ্টি করে। বাধার মুখে শেখ মুজিবের সভাপতিত্বে জনসভা শুরু হলে পুলিশ লাঠিচার্জ ও টিয়ারগ্যাস মেরে সভায় হামলা চালায়। এ হামলার প্রতিবাদে ১৭ মার্চ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালন করা হয়। আন্দোলন নতুন গতি পায়। ১৯৪৮ সালের ২১ মার্চ মুহাম্মদ আলী জিন্নাহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে ঢাকায় এলেন। তিনি প্রথমে জনসভায় ও পরে সমাবর্তন অনুষ্ঠানে ঘোষণা দিলেন 'উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।' যেমন জনসভায় উপস্থিত ছাত্ররা এর প্রতিবাদ করেছিল একইভাবে সমাবর্তনে উপস্থিত ছাত্ররা নো নো বলে প্রতিবাদ জানায়। ভাষার অধিকার আদায়ের আন্দোলন অব্যাহত রইল। ১১ সেপ্টেম্বর বঙ্গবন্ধুকে ফরিদপুর থেকে গ্রেপ্তার করা হয়। ১৯৪৯ সালের ২১ জানুয়ারি বঙ্গবন্ধু মুক্তি পান। মুসলিম লীগ সরকারের বিরুদ্ধে আন্দোলন তীব্র করার জন্য ২৩ জুন গঠন করা হয় বাংলাদেশ আওয়ামী মুসলিম লীগ। আওয়ামী শব্দের অর্থ জনগণ। জনগণের সংগঠন হিসেবে জন্ম নিল আওয়ামী মুসলিম লীগ। পরবর্তীসময়ে এ দলকে অসাম্প্রদায়িক রূপ দেওয়ার জন্য 'মুসলিম' শব্দ বাদ দিয়ে আওয়ামী লীগ নাম দেওয়া হয়। ভাষার দাবি এবং চতুর্থ শ্রেণির কর্মচারীদের দাবি আদায়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান ধর্মঘট করার সময় বঙ্গবন্ধু ১৯ এপ্রিল আবার গ্রেপ্তার হন। জুলাই মাসের শেষে তিনি মুক্তি পান। এদিকে পূর্ব পাকিস্তানে তখন অর্থনৈতিক সংকট এবং প্রচণ্ড খাদ্য ঘাটতি ব্যাপকভাবে দেখা দেয়। দেশে দুর্ভিক্ষাবস্থা বিরাজমান অথচ মুসলীম লীগ সরকারের সেদিকে কোনো ভ্রুক্ষেপ ছিল না। দেশের এ বিরাজমান খাদ্য ঘাটতির বিরুদ্ধে খাদ্যের দাবিতে আন্দোলন শুরু হয়। এ আন্দোলন চলাকালে ১৪৪ ধারা জারি করা হয়। বঙ্গবন্ধু ১৪৪ ধারা ভঙ্গ করেন। ফলে তাকে গ্রেপ্তার করা হয়। পরে তিনি মুক্তি পান। খাদ্য সংকট তীব্র আকার ধারণ করে বলে খাদ্যের দাবিতে আর্মানিটোলা ময়দানে জনসভা ও ভুখা মিছিল বের করে আওয়ামী মুসলিম লীগ। এ মিছিল থেকে ১৪ অক্টোবর মাওলানা ভাসানী ও বঙ্গবন্ধুসহ অন্য নেতারা গ্রেপ্তার হন। পরে শুধু বঙ্গবন্ধুকে ছাড়া হয়নি।



A meeting of the political activists of different parties was held on 2nd March in Fazlul Huq Muslim Hall, University of Dhaka. In that meeting, in response to a proposal placed by Bangabandhu Sheikh Mujibur Rahaman, was formed the All-party State Language Movement Committee. On 11th March, a general strike was called to foil the conspiracy against Bengali Language and the Bengalese. Students observed protest in front of the Secretariat during this strike. Bangabandhu, along with many others, got arrested during this demonstration. When the students came to know about this arrest, they came down to the streets in protest. Because of the tremendous pressure of this movement, the Muslim League Government was compelled to free all prisoners including Bangabandhu Shiekh Mujibur Rahaman in the evening of 15th March. Bangabandhu chaired a meeting of the common students which was held on 16th March at the Amtala of Dhaka University and which focused on the issue of language. The meeting was held in the morning. A session of the Legislative Assembly was held in the evening of that day. The students gathered before the venue of that assembly which was present Jagannath Hall, but police started lathi-charge and threw tear gas shells against the students.

On 16th March, a meeting of students was arranged at the initiative of the All-party State Language Movement Committee. Mass people joined students. Police created big difficulties in that meeting, and attacked ordinary people. As the meeting chaired by Sheikh Mujib started in the face of such blocks, police mounted attacks on it, started lathi-charge and threw tear gas shells. In protest against that attack, a strike was observed on 17th March in all educational institutions. The movement got a new momentum. On 21st of March, 1948, Muhammad Ali Jinnah came to attend the convocation programme of Dhaka University. He declared first in a public meeting and later in the convocation programme that 'Only Urdu shall be the state language of Pakistan.' Following this declaration, as in the meeting the students protested, so they shouted 'no, no' at the convocation programme. The struggle for realizing the demand of the language continued. Bangabandhu was arrested on 11th September from Faridpur, and he was released on 21st January, 1949. Bangladesh Awami Muslim league was formed on 23rd June to strengthen the movement against the Muslim League government. The meaning of the word 'Awami' is people. Awami Muslim League emerged as the organization of the people. Later, to identify it as a non-communal organization, the word 'Muslim' was omitted, and the party renamed itself as Awami League. Bangabandhu was arrested again on 19th April while he was demonstrating at a protest-programme to realize the demand of the language as well as that of the class IV employees of Dhaka University in front of the residence of DU Vice-Chancellor, and he was released at the end of July. On the other hand, there was big and wide economic crisis and tremendous shortage of food in East Pakistan. Sort of a famine situation was prevailing in the country, but the Muslim League government did not pay any attention to that. This situation of extreme shortage of food resulted in movement for food. Section 144 was enforced during the period of that movement. Bangabandhu broke Section 144, as a consequence of which he was arrested. He was released later. Because of extreme food-shortage, Awami Muslim League convened a meeting demanding food in the Armanitola Maidan and launched a hunger march. Mowlana Bhashani and Bangabandhu, along with other leaders, were arrested on 14th of March. Only Bangabandhu remained detained.

২৫ জানুয়ারি, ১৯৫২ রাষ্ট্রপ্রধান হয়েই খাজা নাজিমুদ্দিন ঘোষণা দিলেন পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে উর্দু। এ ঘোষণায় মানুষ বিক্ষোভে ফেটে পড়ে। ভাষা সংগ্রাম পরিষদের সঙ্গে জেলখানা থেকে বঙ্গবন্ধু যোগাযোগ করলেন। ৬ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু জেলেই অনশন করার সিদ্ধান্ত নিলেন। ১৪ ফেব্রুয়ারি তিনি অনশন শুরু করেন এবং ১৬ ফেব্রুয়ারি বঙ্গবন্ধুকে ঢাকা মেডিকেল কলেজে চিকিৎসার জন্য আনা হয়। সেখানে বসেই তিনি সিদ্ধান্ত নিলেন ১৪৪ ধারা ভাঙতে হবে। ছাত্র সংগ্রাম পরিষদের সাথে যোগাযোগ রাখার দায়ে বঙ্গবন্ধুকে অনশনরত অবস্থায় ফরিদপুর জেলে প্রেরণ করা হলো। ২১ ফেব্রুয়ারি বিকেল ৪টায় ছাত্র-জনতার শান্তিপূর্ণ মিছিলের ওপর তদানীন্তন শাসকগোষ্ঠী নির্বিচারে গুলি চালালে সালাম, বরকত, রফিক, জব্বার লুটিয়ে পড়ল কালো পিচঢালা পথে। তৎকালীন জনবিচ্ছিন্ন শাসকগোষ্ঠী মুসলিম লীগ-কে তাদের নির্যাতনমূলক কার্যকলাপ থেকে বিরত রাখার জন্য এবং তদানীন্তন পূর্ব পাকিস্তানের আপামর বাঙালিদের অধিকার প্রতিষ্ঠা করার জন্য যুক্তফ্রন্ট প্রতিষ্ঠিত হয়।

১৯৫৪ সালের প্রাদেশিক পরিষদ নির্বাচনে ২৩৭ টি আসনের মধ্যে ২২৩ টি আসনে যুক্তফ্রন্ট জয়লাভ করে। তদানীন্তন পাকিস্তানের কেন্দ্রীয় সরকার যুক্তফ্রন্টের এ বিজয়কে সহজভাবে গ্রহণ করে নি। ক্ষমতা গ্রহণের মাত্র ৫৬ দিন পরেই যুক্তফ্রন্ট সরকারকে তারা বরখাস্ত করে। ক্ষমতার কেন্দ্রে ও প্রদেশে ক্ষমতার পালাবদলের এ প্রক্রিয়া যুগপৎভাবে চলতে থাকে। এ শাসনতান্ত্রিক ও রাজনৈতিক সংকট এর সুযোগে পাকিস্তানি সেনাবাহিনীর তদানীন্তন প্রধান আইয়ুব খান ১৯৫৮ সালের ২৭ অক্টোবর পাকিস্তানের শাসন ক্ষমতায় আসীন হন। তিনি নিজেকে প্রধান সামরিক আইন প্রশাসক হিসেবে ঘোষণা করেন। ১৯৫৯ সালের পূর্বনির্ধারিত সাধারণ নির্বাচন তিনি স্থগিত করেন। একনায়কতান্ত্রিক সামরিক শাসক আইয়ুব খানের বিরুদ্ধে ১৯৬১ সালে পূর্ব পাকিস্তানে আন্দোলন দানা বাঁধতে শুরু করে। বাঙালিদের প্রিয় নেতা ও পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী-কে ১৯৬২ সালের ৩০ জানুয়ারি গ্রেফতার করা হয়। বাঙালি জাতির অবিসংবাদিত নেতা শেখ মুজিবুর রহমান-কে ১৯৬২ সালের ৬ ফেব্রুয়ারি গ্রেফতার করা হয়। এ গ্রেফতারের প্রতিবাদে পূর্ব পাকিস্তানের সংগ্রামী ছাত্র-জনতা তদানীন্তন পাকিস্তানের সামরিক জান্তার বিরুদ্ধে বিক্ষোভে ফেটে পড়ে। এ দুই নেতার মুক্তির দাবিতে তারা ১৫ দফা দাবি পেশ করে। এস এম শরীফ শিক্ষা কমিশনের প্রতিবেদনের প্রতিবাদে ১৯৬২ সালের ১৭ সেপ্টেম্বর সংগ্রামী ছাত্র-জনতা হরতাল আহবান করে।

১৯৬৫ সালে ৬ সেপ্টেম্বর থেকে ১৭ দিনব্যাপী ভারত-পাকিস্তান যুদ্ধ সংঘটিত হয়। এ যুদ্ধের সময় পূর্ব পাকিস্তানের প্রতিরোধ ব্যবস্থাকে অরক্ষিত রেখে পশ্চিম পাকিস্তানে সকল সৈন্য মোতায়েন করা হয়। পূর্ব পাকিস্তানের অধিবাসীগণ চরম বিপৎসংকুল অবস্থার মধ্যে দিনাতিপাত করে। ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনে শেখ মুজিবুর রহমান বাঙালির স্বাধিকার আন্দোলনের মুক্তির সনদ ঐতিহাসিক ৬ দফা দাবি পেশ করেন। এ ছয় দফা দাবি আদায়ের আন্দোলনকে আইয়ুব খান বিচ্ছিন্নতাবাদী আন্দোলন হিসেবে চিহ্নিত করে।



Right on being appointed the Chief of the State on 25th January, 1952, Khwaja Nazimuddin declared again that Urdu would be the state language of Pakistan. People got outraged at that. From the prison, Bangabandhu contacted with the leaders of the Language Movement Council. On 6th February, Bangabandhu decided to go for a hunger strike right in the prison. He started hunger strike on 14th February, and was taken to Dhaka Medical College for treatment on 16th February. From over there, he decided for breaking Section 144. On the allegation of keeping contact with the leaders of the Chhatra Sangram Parishad, Bangabandhu was sent to Faridpur Jail during his hunger strike. About 4 p.m. in the evening of 21st February, the then people in power fired on the peaceful procession of mass students, and Salam, Barkat, Rafiq, Jabbar were shot dead on the pitch-black streets of Dhaka. Jukto Front emerged then to restrain the rulers of Muslim League who had fallen isolated from the people and to ensure the rights of the people of East Pakistan.

Jukto Front won 223 seats out of 237 in the election of the Provincial Assembly in 1954. The central government of the then Pakistan did not accept this result easily. Within 56 days of its assuming power, Jukto Front was expelled from the government. A series of shift in power continued simultaneously in Central and Provincial governments. Utilizing and exploiting this political gap, Ayub Khan, the then Chief of Pakistan Army, became the ruler of Pakistan on 27th October, 1958. He declared himself as the Chief Martial Law Administrator. He postponed the prefixed General Election of 1959. Movement started to get momentum in 1961 in East Pakistan against the autocratic rule of Ayub Khan.The beloved leader of the Bengalese and former Prime Minister of Pakistan, Hossain Shahid Suhrawardy was arrested on 30th January of 1962. The undisputed leader of the Bengali Nation, Sheikh Mujibur Rahman was arrested on 6th February, 1962. In protest against this arrest, rebellious students and mass people of East Pakistan organized huge agitation. They put up to table 15-point demands for release of the two great leaders from the prison. In protest against the report of the S.M Sharif Education Commission, students and people called for hartal on 17th September, 1962.

A 17-day-long war broke out between India and Pakistan on 6th September, 1965. Abandoning the question of protection of East Pakistan during this war, all soldiers of Pakistan were deployed in West Pakistan. The inhabitants of East Pakistan passed their lives in dangers and difficulties. On 5th February, 1966, in Lahore of Pakistan, Sheikh Mujibur Rahman tabled the historic Six-point Demand in the National Conference of the opposition parties. It was the charter of liberation of the Bangalees. Ayub Khan labelled this movement as a separatist one.



পূর্ব বঙ্গ ও পশ্চিম পাকিস্তান, পরবর্তীতে পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তানের মধ্যকার বৈষম্যের একটি চিত্র তুলে ধরা হলো ।

পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্য

১৯৫৬ সালের ৯ জানুয়ারি করাচির "ডন" পত্রিকায় প্রকাশিত চিত্র

পদবি	পূর্ব পাকিস্তান	পশ্চিম পাকিস্তান
জেনারেল	০	৩
মেজর জেনারেল	০	২০
ব্রিগেডিয়ার	০	৩৪
কর্ণেল	১	৪৯
লে: কর্ণেল	২	১৯৮
মেজর	১০	৫৯০
নৌবাহিনী অফিসার	৭	৫৯৩
বিমান বাহিনী অফিসার	৪০	৬৪০

কেন্দ্রীয় সরকারের উচ্চপদে বৈষম্য

কেন্দ্রীয় সেক্রেটারিয়েট

পদবি	পশ্চিম পাকিস্তান	পূর্ব পাকিস্তান
সেক্রেটারি	২২	০
জয়েন্ট সেক্রেটারি	৪২	৮
ডেপুটি সেক্রেটারি	৫৯	২৩
সেকশন অফিসার	৩২৫	৫০
প্রথম শ্রেণির গেজেটেড অফিসার	৩,৭৬৯	৮১১

A scenario of discrimination between East Bengal and West Pakistan, later turned into East Pakistan and West Pakistan, has been pen-pictured in the following tables:

Discrimination to East Pakistan

Published sketch in the daily "Dawn" of Karachi as on 9the January of the year 1956

Designation	East Pakistan	West Pakistan
General	0	3
Major General	0	20
Brigadier	0	34
Colonel	1	49
Lt. Colonel	2	198
Major	10	590
Naval Office	7	593
Air Force Officer	40	640

Discrimination in Higher Posts of the Central Government

Central Secretariat

Designation	West Pakistan	East Pakistan
Secretary	22	0
Joint Secretary	42	8
Deputy Secretary	59	23
Section Officer	325	50
First Class Gazetted Officer	3,769	811

কেন্দ্রীয় সরকারের সিনিয়র গেজেটেড পোস্ট

কেন্দ্রীয় সেক্রেটারিয়েট	পশ্চিম পাকিস্তান	পূর্ব পাকিস্তান
অফিসার	৬৯২	৪২
শিল্প উন্নয়ন কর্পোরেশন	১৬২	৩
রেডিও	৯৮	১৪
সাপ্লাই ও ডেভেলপমেন্ট	১৬৪	১৫
রেলওয়ে	১৫৮	১৪
পোস্ট ও টেলিগ্রাফ	২৭৯	৫০
কৃষি অর্থনীতি কর্পোরেশন	৩৮	১০
সার্ভে	৬৪	২
বিমান	১,০২৫	৭৫

শিক্ষা ক্ষেত্রে

বিষয়	পশ্চিম পাকিস্তান	পূর্ব পাকিস্তান
নতুন কলেজ	১	০
মেডিকেল কলেজ	৬	১
ইঞ্জিনিয়ারিং কলেজ	৩	১
ইউনিভার্সিটি	৪	২
কলেজ	৭৬	৫৬
প্রাইমারি স্কুল	৬,২৪৬	২,২১৭
হাসপাতাল রোড	১৭,৬১৪	৫,৫৮৯
ডাক্তার	৮,৫০০	৩,৩৯৩
মেটারনিটি	১১৮	২২



Senior Gazetted Posts of the Central Government

Central Secretariat	West Pakistan	East Pakistan
Officer	692	42
Industrial Development Corporation	162	3
Radio	98	14
Supply & Development	164	15
Railway	158	14
Post &Telegram	279	50
Agriculture Economy Corporation	38	10
Survey	64	2
Biman	1,025	75

Education Sector

Subject	West Pakistan	East Pakistan
New College	1	0
Medical College	6	1
Engineering College	3	1
University	4	2
College	76	56
Primary School	6,246	2,217
Hospital Road	17,614	5,589
Doctor	8,500	3,393
Maternity	118	22



১৯৬৬ সালে পূর্ব পাকিস্তানের প্রতি বৈষম্য

খাত	বাঙালি	পশ্চিম পাকিস্তানি
রাষ্ট্রপতির সচিবালয়	১৯%	৮১%
প্রতিরক্ষা	৮.১%	৯১.৯%
শিল্প	২৫.৭%	৭৪.৩%
স্বরাষ্ট্র	২২.৭%	৭৭.৩%
তথ্য	২০.১%	৭৯.৯%
শিক্ষা	২৭.৩%	৭২.৭%
স্বাস্থ্য	১৯%	৮১%
আইন	৩৫%	৬৫%
কৃষি	২১%	৭৯%

মিলিটারি কলেজ, প্রি-ক্যাডেট স্কুল, অর্ডিন্যান্স ফ্যাক্টরির সবই পশ্চিম পাকিস্তানে প্রতিষ্ঠিত হয়েছে। পূর্ব পাকিস্তানের টাকা নিয়ে রাখা হত পশ্চিম পাকিস্তানে। পাকিস্তানি জান্তা সরকার ১৯৬৮ সালের প্রথমদিকে শেখ মুজিবুর রহমান-কে প্রধান আসামী করে আরো ৩৪ জন রাজনৈতিক, সামরিক-বেসামরিক ব্যক্তিত্বের বিরুদ্ধে ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করে। ঢাকা সেনানিবাসে বিশেষ সামরিক ট্রাইবুনালে এ মামলার বিচার কার্যক্রম ১৯৬৮ সালের ১৯ জুন শুরু হয়। ৬ দফা আন্দোলন ও ছাত্রদের ১১ দফা আন্দোলনকে কেন্দ্র করে দেশব্যাপী গণ আন্দোলনের সূচনা হয়। শেখ মুজিবুর রহমানের নিঃশর্ত মুক্তি, আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার ও পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ বাংলা ভাষাভাষী জনগণের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার দাবিতে সর্বস্তরের জনগণের সম্পৃক্ততায় দুর্বার গণ আন্দোলন গড়ে ওঠে।

১৯৬৯ সালের ২০ জানুয়ারি আন্দোলনরত ছাত্র-জনতার ওপর নির্বিচার গুলিবর্ষণের এক পর্যায়ে আসাদ, নবকুমার ইনস্টিটিউশনের কিশোর বালকসহ নাম না জানা অনেক আন্দোলনকারী শহিদ হন। এ তীব্র আন্দোলনের মুখে আইয়ুব খানের সরকার ১৯৬৯ সালের ২২ জানুয়ারি বাঙালির প্রাণের নেতা শেখ মুজিবুর রহমানকে নিঃশর্ত মুক্তি প্রদানে বাধ্য হয়। রেসকোর্স ময়দানে সদ্য কারামুক্ত নেতা শেখ মুজিবুর রহমান-এর কারামুক্তি উপলক্ষ্যে ২৩ ফেব্রুয়ারি আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে এ মহান নেতাকে ছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক "বঙ্গবন্ধু" উপাধিতে ভূষিত করা হয়। আইয়ুব খান রাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন এবং তৎকালীন সেনাবাহিনী প্রধান ইয়াহিয়া খানের নিকট ১৯৬৯ সালের ২৫ মার্চ ক্ষমতা হস্তান্তর করেন। ২৮ মার্চ এক বক্তৃতায় তিনি সাধারণ নির্বাচনের প্রতিশ্রুতি ব্যক্ত করেন। ১৯৭০ সালের ৭ ডিসেম্বর পাকিস্তানের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে ৫ কোটি ৬৪ লাখ ভোটের মধ্যে বঙ্গবন্ধুর নেতৃত্বাধীন আওয়ামী লীগ ৩ কোটি ২২ লাখ ভোট লাভ করে নিরঙ্কুশ বিজয় অর্জন করে। পূর্ব পাকিস্তানের ১৬৯ টি আসনের মধ্যে ১৬৭ টি আসনেই আওয়ামী লীগ বিজয় লাভ করে।



Discrimination against East Pakistan in 1966

Sectors	Bengali	West Pakistanis
President's Secretariat	19%	81%
Defense	8.1%	91.9%
Industry	25.7%	74.3%
Home Affairs	22.7%	77.3%
Information	20.1%	79.9%
Education	27.3%	72.7%
Health	19%	81%
Law	35%	65%
Agriculture	21%	79%

Military college, pre-cadet school, ordinance factory--all were established in West Pakistan. Money of East Pakistan used to be kept in West Pakistan. The Pakistani junta filed the Agartala Conspiracy Case at the beginning of 1968 against 34 political, military-civil persons with Sheikh Mujibur Rahman as the main accused. Judicial activities started on 19 June 1968 in the Special Military Tribunal in Dhaka Military Headquarters. A country-wide mass-movement started centering the six-point and eleven-point demands of the students. An indomitable mass-movement started with the participation of people of all walks of life, demanding unconditional release of Sheikh Mujibur Rahman, withdrawal of Agartala Conspiracy Case, and establishing the due rights of the majority of the Bengali-speaking people.

On 20th January, 1969, Asad, an adolescent student of Nabokumar Institute, and many other unknown protesters sacrificed their lives while the barbarous police started firing on them. Under the pressure of this tremendous movement, the government of Ayub Khan was compelled to release Sheikh Mujibur Rahman, the dearest leader of all Bangalees, on 22nd January of 1969. The title of 'Bangabandhu' was bestowed on this great leader by the Chhatra Sangram Parishad in a reception programme arranged on 23rd February in the Race Course Maidan in honour of the recently released leader, Sheikh Mujibur Rahman. Ayub Khan resigned from the post of President and handed over power to the then Army Chief, Yahya Khan on 25th March, 1969. Yahya made a pledge for holding general election in Pakistan in a speech delivered on 28th March. The general election of Pakistan was held on 7th December, 1970. Awami League, under the leadership of Bangabandhu, won a landslide victory by securing 3 crore 22 lac votes out of 5 crore 64 lac. Awami League won 167 seats out of 169 seats of East Pakistan.



১৯৭০ সালের ১৭ ডিসেম্বর অনুষ্ঠিত প্রাদেশিক নির্বাচনে ৩০০ টি আসনের মধ্যে ২৮৮ টি আসন লাভের মধ্য দিয়ে আওয়ামী লীগ ভূমিধ্বস বিজয় লাভ করে। এ নির্বাচনের ফলাফলের মাধ্যমে পূর্ব পাকিস্তানের জনগণ বঙ্গবন্ধুর ঘোষিত ৬ দফা দাবির প্রতি অকুণ্ঠ সমর্থন ব্যক্ত করে। নির্বাচন পরবর্তী সময়ে সামরিক শাসক ইয়াহিয়া খান ও পশ্চিম পাকিস্তানের পিপলস পার্টির নেতা জুলফিকার আলী ভুট্টো পাকিস্তানের শাসনক্ষমতা বঙ্গবন্ধুর নেতৃত্বে বাঙালিদের হাতে তুলে না দেওয়ার জন্য সামরিক ও বেসামরিক নানা কূটকৌশলের আশ্রয় গ্রহণ করে কালক্ষেপণ করতে থাকে। এক পর্যায়ে, ইয়াহিয়া খান ১৯৭১ সালের ১ মার্চের পূর্বনির্ধারিত এসেম্বলি সেশন স্থগিত ঘোষণা করেন। এ সিদ্ধান্তের প্রতিবাদে ২ মার্চ হতে বঙ্গবন্ধু অসহযোগ আন্দোলনের ডাক দেন। ৭ মার্চ ঐতিহাসিক রেসকোর্স ময়দানে ১০ লক্ষাধিক লোকের গণজমায়েতে বঙ্গবন্ধু দৃঢ় কণ্ঠে বাঙালির স্বাধিকার আন্দোলনের দিক-নির্দেশনামূলক ঐতিহাসিক বক্তব্য প্রদান করেন। এ বক্তব্যে তিনি বজ্রকণ্ঠে ঘোষণা করেন-"এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"। বক্তব্যে তিনি বাঙালিদের প্রতি পশ্চিম পাকিস্তানের বৈষম্য, সামাজিক, রাজনৈতিক ও প্রশাসনিক শোষণ, বাঙালিদেরকে দাবিয়ে রাখার অপকৌশলসমূহ দ্ব্যর্থহীন ভাষায় জাতিকে অবহিত করেন। শোষণ-নিপীড়নের বিরুদ্ধে গণতান্ত্রিক আন্দোলনে পাকিস্তানের বর্বর বাহিনীর হাতে শহিদদের হত্যার নিরপেক্ষ ও সুষ্ঠু বিচার দাবি করেন। তিনি ঘোষণা করেন যে, "ঐ শহিদের রক্তের ওপর দিয়ে পাড়া দিয়ে মুজিবুর রহমান আরটিসি-তে যোগদান করতে পারে না"। তিনি বাঙালি জাতিকে তার আত্মমর্যাদা ও স্বাধীনতার জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকারের নির্দেশ প্রদান করেন। বঙ্গবন্ধুর এ ভাষণই ছিল মুক্তিযুদ্ধের সূচনা পর্ব। অসহযোগ আন্দোলন চলাকালে ১৫ মার্চ ইয়াহিয়া খান ও পশ্চিম পাকিস্তানের রাজনৈতিক নেতৃবৃন্দ বঙ্গবন্ধু সহ আওয়ামী লীগের অন্যান্য নেতার সাথে আলোচনার জন্য ঢাকা-য় আগমন করেন।

১৬ মার্চ থেকে ২৫ মার্চ পর্যন্ত এ আলোচনা মাঝে মধ্যে বিরতি দিয়ে চলে। এসময়ে বাঙালির প্রাণের দাবি, স্বাধীনতার দাবিকে স্তিমিত করে দেওয়ার জন্য আলোচনার অন্তরালে ক্যান্টনমেন্টে শুরু হয় বাঙালি নিধনের এক জঘন্য নীল নকশা প্রণয়নের কাজ। আলোচনা অসমাপ্ত রেখেই ২৫ মার্চ ইয়াহিয়া খান ঢাকা ত্যাগ করেন। সারা পূর্ব পাকিস্তানের শহর-বন্দর-গ্রাম-গঞ্জ তখন অসহযোগ আন্দোলনে উত্তাল।

২৫ মার্চ মধ্যরাতে পাকিস্তানি হানাদার বাহিনী 'অপারেশন সার্চলাইট' নামক নির্মম হত্যাযজ্ঞ শুরু করে। ২৫ মার্চ রাতে গ্রেফতার হওয়ার পূর্বমুহূর্তে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি বার্তা পাঠান। ইপিআর-এর ওয়্যারলেস থেকে তাঁর এ বার্তা প্রচারিত হয়েছিল। চট্টগ্রামে আওয়ামী লীগের নেতৃবৃন্দ মাইকে এটি প্রচার করেন। ২৬ মার্চ দুপুর ২.৩০ মিনিটে চট্টগ্রাম আওয়ামী লীগের নেতা জনাব এম এ হান্নান চট্টগ্রামস্থ স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বাধীনতার ঘোষণা প্রচার শুরু করেন। স্বাধীনতার এ ঘোষণা আন্তর্জাতিক সংবাদ মাধ্যমে বহুল প্রকাশিত হয়।

In the provincial assembly election held on 17th December, 1970, Awami League won 288 seats out of 300 seats. Through the results of the elections, people of East Pakistan supported the six-point charter of demands proclaimed by Bangabandhu Sheikh Mujibur Rahman.
After these elections, Military ruler Yahya Khan and Zulfiqar Ali Bhutto, leader of Pakistan People's Party, started to dillydally in transferring power to the Bangalees led by Bangabandhu through some evil designs both of civil and non-civil kinds, and wasted time in this. At this stage, Yahya Khan postponed the prefixed session of the National Assembly of 1st March, 1971. In protest against this decision of postponement, Bangabandhu called for a non-cooperation movement from 2nd March. On 7th of March, Bangabandhu delivered his historic speech at a meeting of more than 10 lac people and placed his directives for a movement for independence. He firmly declared in that speech, "The struggle of this time is the struggle for liberation, the struggle for this time is the struggle for independence." In his speech, he informed the nation in a clear voice about the discrimination and social, political and administrative exploitation of the Bengalese by West Pakistan. He demanded neutral and due probe into the killing of the unarmed common people of East Pakistan by the barbarous killers of Pakistan military during the democratic movement for democracy. He declared, "Mujibur Rahman cannot join the RTC by treading on the blood of the martyrs." He placed his directives to the people for making the highest sacrifices for ensuring self-respect and independence. This speech of Bangabandhu was the starting point of the Liberation War. During the non-cooperation movement that followed, Yahya Khan along with the other political leaders came to Dhaka on 15th March for discussion with the Awami League leaders including Bangabandhu.

This discussion continued from 16th March to 25th March with some intervals. While the discussion went on, a blue-print was designed in the cantonment to kill the unarmed Bangalees with a view to festering the demand of independence of this country. Yahya Khan left Dhaka on 25 March, keeping the discussion unfinished. All the cities, ports, towns and villages of East Pakistan were pulsating then with the non-cooperation movement.

The Pakistani junta started 'operation searchlight' at the dead of night of 25th March, 1971. Just before being arrested at midnight of 25 March, Bangabandhu Sheikh Mujibur Rahman sent a message declaring the independence of Bangladesh. The message was broadcast from the wireless system of EPR. The leaders of Chittagong Awami League circulated it with the help of microphones. At 2:30 pm of 26th March, the leader of Chittagong Awami League, Mr. M.A. Hannan started to propagate the declaration of independence by Bangabandhu Sheikh Mujibur Rahman from the Swadhin Bangla Radio Centre located in Chittagong. This declaration of independence was given wide currency all over the world.



গণহত্যা ১৯৭১

২৫ মার্চ রাতে গণহত্যার পূর্ব নির্ধারিত নীল নকশা 'অপারেশন সার্চলাইট' বাস্তবায়নের জন্য বর্বর হানাদার বাহিনী ও তাদের এদেশীয় দোসররা ঘুমন্ত বাঙালির ওপর ঝাঁপিয়ে পড়ে। রাতের প্রথম প্রহরে পাকিস্তানি সৈন্যরা ঢাকা সেনানিবাসে বাঙালি সেনাদের ওপর অতর্কিতে হামলা চালায়। হানাদাররা পিলখানাস্থ পূর্ব পাকিস্তান রাইফেলসের (ইপিআর) সদর দফতর, রাজারবাগ পুলিশ ব্যারাক, খিলগাঁওয়ের আনসার সদর দফতরে সশস্ত্র হামলা চালিয়ে ব্যাপক হত্যাকাণ্ড ও ধ্বংসযজ্ঞ চালায়। জগন্নাথ হল, জহুরুল হক হল, পলাশী কর্মচারী ব্যারাক, শাঁখারিবাজার, চারুকলা ইনস্টিটিউটের হলে অগ্নিসংযোগসহ ব্যাপক হত্যাকাণ্ড ও ধ্বংসযজ্ঞ চালায়। রোকেয়া হলের ছাত্রীদের অধিকাংশকে হত্যা করে বাকীদেরকে ক্যাম্পে ধরে নিয়ে গিয়ে নির্যাতন করে। ১৯৭১ সালের ২৯ মার্চ সিডনি মর্নিং হেরাল্ড পত্রিকায় প্রকাশিত তথ্য অনুযায়ী ১০,০০০-১,০০,০০০ লোককে হত্যা করা হয়।

১৯৭১ সালের জুলাই মাস থেকে দখলদার বাহিনীর হত্যাযজ্ঞ ও ধ্বংসলীলার ছবি বিশ্বব্যাপী প্রচার হতে শুরু করে। দেশের ছাত্র-জনতা, কৃষক-শ্রমিকসহ মেহনতী মানুষের সমন্বয়ে গড়ে ওঠে দখলদার বাহিনীর বিরুদ্ধে তীব্র প্রতিরোধ তথা মুক্তিযুদ্ধ। এ সংগঠিত মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে দখলদার বাহিনী, মুসলিম লীগ, নেজাম-ই-ইসলামী, জামায়াতে ইসলামী, ইসলামী ছাত্রসংঘ-এর সহায়তায় গড়ে তোলে রাজাকার, আল-বদর, আল-শামস সহ বিভিন্ন লুটেরা ও নির্যাতনকারী বাহিনী। পাকিস্তানি হানাদার বাহিনী ও তাদের এদেশীয় দোসরদের হত্যাকাণ্ড ও নির্যাতনে ১ কোটি লোক ভারতে শরণার্থী হিসেবে আশ্রয় গ্রহণ করে। ৩০ লক্ষ নিরপরাধ লোক শহিদ হয়। ২ লক্ষাধিক নারী তাদের সম্ভ্রম হারায়। জন্ম গ্রহণ করে ৬০ হাজার যুদ্ধশিশু। পাকিস্তানি হানাদার বাহিনী ও তাদের এদেশীয় দোসর আল-বদর, আল-শামস বাঙালি জাতিকে মেধাশূন্য করার জন্য নীল নকশা প্রণয়ন করে। বিজয় অর্জনের প্রান্তসীমায় তারা নির্মমভাবে হত্যা করে ৯৫১ জন শিক্ষাবিদ, ১৩ জন সাংবাদিক, ৪৯ জন চিকিৎসক, ৪২ জন আইনজীবী ও ১৬ জন লেখক-শিল্পী-প্রকৌশলী তথা মোট ১,১১১ জন। বিশ্ব বিবেককে স্তম্ভিত ও নির্বাক করে দেওয়ার এ ধ্বংসলীলা ও নরহত্যা-কে সেন্সরশিপে আটকে দেয়ার চেষ্টা চললেও তা প্রকাশিত হয়েছে বিভিন্ন দেশের মুক্তবুদ্ধির চর্চাকারীদের লেখনীতে, সংবাদপত্রে, কনসার্টে।

মুক্তিযুদ্ধের সময় হত্যাযজ্ঞ, ধর্ষণ, লুঠতরাজ ও অগ্নিসংযোগের মাধ্যমে 'যুদ্ধাপরাধ' সংগঠনকারীদের সমর্থক কিছু হাতে গোনা মুক্তিযুদ্ধ বিরোধীগোষ্ঠী 'যুদ্ধাপরাধ', 'মানবতাবিরোধী অপরাধ', 'গণহত্যা' - সম্পর্কে সুকৌশলে নানা মিথ্যাচার করে এ দেশের মানুষের আত্ম অহংবোধে আঘাত করে আসছে। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে গণহত্যা, ধর্ষণ, অগ্নিসংযোগ ও লুঠতরাজের জ্বলন্ত প্রমাণ পত্রিকায় সেসময়ে প্রকাশিত সংবাদ, সাহসী আলোকচিত্র শিল্পীদের তোলা নৃশংসতার চিত্র, কিছু গণহত্যার ফুটেজ, বধ্যভূমি, প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগীর জবানবন্দি, জীবিত মুক্তিযোদ্ধাদের বাস্তব অভিজ্ঞতা।

বাংলাদেশ ডাক বিভাগ ১৯৭১ সালের যুদ্ধাপরাধের ঘটনাসমূহকে ৩ টি ভাগে বিভক্ত করেছে - গণহত্যা, ধর্ষণ ও লুঠতরাজ-অগ্নিসংযোগ। ৭১ টি ডাকটিকিট এই সত্যকেই প্রতিষ্ঠিত করছে পুনর্বার যে - ১৯৭১ সালে ব্যাপক গণহত্যা হয়েছিল, ১৯৭১ সালে ৩০ লক্ষ বীর শহীদ হয়েছিল, ১৯৭১ সালে ২ লক্ষাধিক মা-বোন সম্ভ্রম হারিয়েছিল, ১৯৭১ সালে মানুষ লুঠতরাজ ও অগ্নিসংযোগের কারণে ঘরছাড়া হয়েছিল। এই ৭১ টি ডাকটিকিট এই সত্যের সাক্ষী যে ১৯৭১ সালে পূর্ববাংলায় পাকিস্তানি সেনাবাহিনী কর্তৃক সংঘটিত হয়েছিল পৃথিবীর নৃশংসতম মানবতাবিরোধী অপরাধ তথা যুদ্ধাপরাধ।

২০১৭ সালের ১১ মার্চ আওয়ামী লীগের নেতৃত্বাধীন সরকারের সময়ে মহান জাতীয় সংসদে ২৫ মার্চ-কে 'গণহত্যা দিবস' হিসেবে পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়–যা ইতিহাসের স্বীকৃতির নতুন এক অধ্যায়।



Genocide 1971

To implement their pre-planned blue print of 'Operation Searchlight', the barbarous Pakistani junta and their local aides attacked the sleeping Bangalees on the night of 25th March. During the first half of that night, the Army of Pakistan violently attacked the Bangalee soldiers in Dhaka barracks. The Junta viciously attacked the Headquarters of East Pakistan Rifles, Rajarbagh Police barrack, Headquarters of Ansar in Khilgaon, and wrought havoc and mass killing. They also torched people and places, wreaking havoc and mass killing in Jagannath Hall, Jahurul Haque Hall, employees' barracks of Palashy, Shankhari Bazar and Institutes of Fine Arts. They killed most of the students of Rokeya Hall and tortured others, detaining them in the army camps. According to news published in the Sidney Morning Herald on 29th March, 1971, they killed 10,000-100000 people.

The photographs of mass killings and destruction wrought by the occupation army started to be propagated worldwide from the month of July, 1971. The students, peasants, day-labourers and the working people of East Pakistan put up a violent resistance or, in other words, a War of Liberation. Against these organized freedom fighters, the Occupation Army of Pakistan, along with supporting Islamist militants from Jamaat-e-Islami, Muslim League, PDP, Nejame Islam and Islami Chhatro Sangho, formed the razakar, Al-badr, Al-shams and many other plunder and torture groups. Following very brutal killing and hellish torture, 10 million people took shelter in India as refugees. 3 million innocent people were killed. More than two lac women were violated. More than 60 thousand war-children were born. The Pakistani junta and their local aides--Al badr, Al-shams--drew an evil design to annihilate the people of meritless. They killed a total of 1,111 people, including 951 educationists, 13 journalists, 49 doctors, 42 lawyers and 16 other writers-artists-engineers. Although an attempt was made to suppress information about this havoc of destruction and homicide stunning the world conscience and making them all speechless, these brutal incidents were given vent to in the writings of free thinkers, in the newspapers and also through concerts.

Some groups of people of anti-Liberation-War viewpoints and supporting the heinous people involved in committing war-crimes through incidents of killing, rape, plundering and arson have been hurting the egotism of the people of this country very ingeniously through false propaganda. But, glaring examples of genocide, rape, arson, plundering are there in the newspapers, and photographs reflecting the cruelty snapped by the valiant photographers, some footages of genocide, deposition of witnesses and sufferers, and the real experience of the living freedom fighters.

Bangladesh Post has divided the incidents of war crimes into three parts--genocide, rape and plunder, and torching and arson. The 71 commemorative postage stamps testify again that in 1971 mass killing took place; in 1971, 30 lac people sacrificed their lives; in 1971, more than two lac women were outraged, people were ousted from homes because of plundering and arson. These 71 postage stamps are also the testimony to the cruelest anti-humanity crime of the world, that is, war crime.

During the present government led by Awami League, a decision was taken on 11th March of 2017 in the great National Parliament to observe 25th March as the 'National Genocide Day' which is once again a new chapter in the history of securing recognition.







ডাকটিকিট ১

১৯৭১ সালের ডিসেম্বর মাসে পরাজয়ের পূর্ব মুহূর্তে পাকবাহিনী ও তাদের এদেশীয় দোসর-আলবদর রাজাকার জাতির শ্রেষ্ঠ বুদ্ধিজীবীদের হত্যা করে।
আলোকচিত্র: রশীদ তালুকদার

Stamp 1

Just before their defeat, Pakistan forces and their collaborators of this country—the Al Badrs and Razakars--killed the greatest intellectuals of Bangladesh in December of 1971.
Photograph: Rashid Talukder

ডাকটিকিট ২

১৯৭১ সালে বিজয়ের পূর্ব মুহূর্তে শাঁখারী বাজারে রাস্তায় পড়ে থাকা ছিন্ন ভিন্ন লাশের পাশে আতঙ্কিত এক হতভাগ্য শিশু।
আলোকচিত্র: কিশোর পারেখ

Stamp 2

It happened just before the moment of victory in 1971; an unfortunate and frightened child was found beside the torn-up corpses at Shankhari Bazar, Dhaka in 1971.
Photograph: Kishor Parekh

ডাকটিকিট ৩

রায়ের বাজার বধ্যভূমিতে পাক বর্বর বাহিনী ও তাদের এদেশীয় দোসরদের গুলিতে বিদীর্ণ এক তরুণীর লাশ। প্রথমে ধর্ষণ, পরে নির্মমভাবে হত্যা করা হয় এই তরুণীকে।
আলোকচিত্র: রশীদ তালুকদার

Stamp 3

At the killing ground of Rayer Bazar, it is the dead body of a young girl torn by bullets of the barbarian Pak forces and their collaborators of this country. She had been raped first, and then killed mercilessly.
Photograph: Rashid Talukder

ডাকটিকিট ৪

১৯৭১ সালের ২৫ মার্চ 'কালরাত'-এ পাকবাহিনী নির্বিচারে মানুষ হত্যা করে যে ব্যাপক বীভৎস খেলায় মেতেছিল সেই নারকীয়তায় নির্মমভাবে নিহত এক নিষ্পাপ শিশুর মৃতদেহ কুকুরে কামড়ে খাচ্ছে।
আলোকচিত্র: মুক্তিযুদ্ধ আর্কাইভ থেকে সংগৃহীত

Stamp 4

On the cursed night of March 25 of 1971, Pakistani forces got involved in cruel games of a pogrom. As a part of that hellish exercise, we find an innocent child killed, its dead body being eaten by a dog.
Photograph: Collected from Liberation War Archive

ডাকটিকিট ৫

১৯৭১ সালের ১৩ ডিসেম্বর অপহৃত এবং ১৪ ডিসেম্বর পাকবাহিনীর হাতে রায়েরবাজার বধ্যভূমিতে নির্মমভাবে নিহত সাপ্তাহিক বেগম এবং সাপ্তাহিক ললনা ও শিলালিপি-এর সাংবাদিক সেলিনা পারভীন- এর মৃতদেহ।
আলোকচিত্র: রশীদ তালুকদার

Stamp 5

Dead body of journalist Selina Parvin of *Weekly Begum* and *Weekly Lalana* and *Shilalipi* She was kidnapped on 13 December, 1971, and on 14 December, killed mercilessly by the Pakistani .forces at the killing ground of Rayer Baazar.
Photograph: Rashid Talukder

ডাকটিকিট ৬

১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাতে পাকসেনাদের নির্মম হত্যাযজ্ঞের শিকার নিষ্পাপ ঘুমন্ত শিশুর লাশ।
আলোকচিত্র: মুক্তিযুদ্ধ আর্কাইভ থেকে সংগৃহীত

Stamp 6

Dead body of an innocently sleeping child, prey of merciless massacre on the frightening mid-night of 25 March of 1971.
Photograph: Collected from Liberation War Archive

ডাকটিকিট ৭

১৯৭১ সালের ডিসেম্বর মাসে রায়েরবাজার বধ্যভূমিতে নির্মমভাবে নিহত জাতির শ্রেষ্ঠ বুদ্ধিজীবীদের অন্যতম প্রখ্যাত চিকিৎসক ডা.ফজলে রাব্বির লাশ।
আলোকচিত্র: রশীদ তালুকদার

Stamp 7

Dead body of renowned physician Dr. Fazle Rabbi, one of the greatest intellectuals of the nation, killed mercilessly at the killing ground of Rayer Bazar in December of 1971.
Photograph: Rashid Talukder





ডাকটিকিট ৮
একাত্তরের ২৫ মার্চ ভয়াল রাতে নির্মম হত্যাযজ্ঞে মেতে উঠা পাকসেনাদের বুলেটের শিকার হয়েছে নিষ্পাপ দু'জন ঘুমন্ত শিশু।
আলোকচিত্র: মুক্তিযুদ্ধ আর্কাইভ থেকে সংগৃহীত

Stamp 8
On the terrible night of March 25 of 1971, two innocently sleeping children were not spared from the bullets of merciless massacre by the Pakistani Army.
Photograph: Collected from Liberation War Archive

ডাকটিকিট ৯
১৯৭১ সালে বিজয়ের পূর্ব মুহূর্তে শাঁখারী বাজারে মুক্তিযোদ্ধা/গেরিলা বাহিনী ও পাকিস্তানি সৈন্যদের মধ্যে ভয়াবহ যুদ্ধকালে পাকিস্তানি সৈন্যের ফেলে যাওয়া বুট।
আলোকচিত্র: কিশোর পারেখ

Stamp 9
Boots left behind by the Pakistani soldiers after it was a terrible battle between the freedom fighters/guerilla forces and Pakistan Army at Shankhari Bazar, Dhaka.
Photograph: Kishor Parekh

ডাকটিকিট ১০
১৯৭১ সালে নয় মাসব্যাপী পাকসেনাদের গণহত্যাযজ্ঞে নিহত নদীতে ভাসিয়ে দেয়া বাঙালির লাশ।
আলোকচিত্র: অমিয় তরফদার

Stamp 10
Floating dead body of a Bangali killed during the nine months of genocide perpetrated by the Pakistani Army.
Photograph: Amiya Tarafdar

ডাকটিকিট ১১
যশোর শহরের উপকণ্ঠে সিটি কলেজের পশ্চিমে পাক হানাদার বাহিনীর আক্রমণে নিহত বাঙালিদের লাশ গণকবর থেকে তোলা হচ্ছে।
আলোকচিত্র: এস এম সফি

Stamp 11
Dead bodies of Bangalis being exhumed from the mass-grave at a place near City College around the suburb of Jessore town.
Photograph: S M Safi

ডাকটিকিট ১২
১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে পাকিস্তানি আর্মি, রাজাকার, জামায়াত-ই-ইসলামীর ধর্ষণ ও হত্যার শিকার এক নারী।
আলোকচিত্র: নাঈব উদ্দীন আহমেদ

Stamp 12
A woman raped and killed by the Pakistan Army, Razakar and Jamaate Islami during the Liberation War in 1971.
Photograph: Naib Uddin Ahmed

ডাকটিকিট ১৩
১৯৭১ সালে গভর্নর হাউজ, বর্তমানে বঙ্গভবনের ফটকের সামনে সন্দেহ করা এক ব্যক্তিকে ধরে এনে চোখ উপরে হত্যা করে হানাদার বাহিনী ও তাদের সহযোগীরা।
আলোকচিত্র: রশীদ তালুকদার

Stamp 13
In 1971, a suspect was killed by the invading forces and their accomplices in front of the gate of the Government House, now Bangabhaban, by piercing out his eyes.
Photograph: Rashid Talukder

ডাকটিকিট ১৪
রায়ের বাজার বধ্যভূমির এই স্থানে পাকিস্তানি হানাদার বাহিনীর দোসর ও সহযোগী আলবদর ও রাজাকারেরা খ্যাতিমান ও নেতৃস্থানীয় বুদ্ধিজীবীদের ধরে এনে নৃশংসভাবে হত্যা করে।
আলোকচিত্র: বেটম্যান কর্তৃক সংগৃহীত

Stamp 14
